

স্বরূপনগরে বানভাসি মানুষের পাশে সন্দেশখালি মা সারদা



বাপ্পাই বিগত কয়েকদিন ধরে অতিবৃষ্টির ফলে স্বরূপনগর ব্লকের কয়েকটি পঞ্চায়েতের মধ্যে সগুনা,

দুর্গত মানুষদের মধ্যে ত্রাণ সামগ্রী বিতরণ করলেন। আজ এই সংস্থার পক্ষ থেকে সম্পাদক পরিমল পরামাণিক স্বরূপনগর বার্তার প্রতিনিধিকে জানান, চিড়ে, মুড়ি, চিনি, বিস্কুট ও ড্রাই কেক এর মত শুকনো



ত্রাণ বিলি করছে সন্দেশখালি মা সারদা উইম্যান এণ্ড রুরাল ওয়েলফেয়ার সোসাইটি।

তেপুল মির্জাপুর ও চারঘাটের প্রত্যেকটি গ্রাম ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ায় সেখানকার বানভাসি মানুষের মধ্যে ত্রাণ বিলি করলেন 'সন্দেশখালি মা সারদা উইম্যান এণ্ড রুরাল ওয়েলফেয়ার সোসাইটি'। এই সংস্থার পক্ষ থেকে বিগত কয়েক বছরের ন্যায় এবছরও বন্যায়

খাবার বিতরণ করা হয়েছে। ক্ষমতায় সীমিত হওয়ায় সত্ত্বেও বর্তমান বানভাসি মানুষদের পাশে দাঁড়াতে পেরে আমরা খুশী। তিনি আরও জানান, আগামী দিনেও দুর্গত অসহায় মানুষের পাশে থেকে আমরা সংস্থা তাদের কাজ চালিয়ে যাবে।

উত্তর ২৪ পরগনা জমিয়তে উলামায়ে হিন্দ ফ্রি রিলিফ ক্যাম্প ২০১৫

হাবিব : গত ৩০শে আগস্ট বিকাল ৩টায় স্বরূপনগর ব্লকের শাড়াপুল ডাকবাংলা ফুটবল মাঠে উত্তর ২৪ পরগনার জমিয়তে উলামায়ে হিন্দ স্বরূপনগর শাখার সহযোগিতায় বর্তমান সময়ে অতিবৃষ্টির দরুন ব্লকের বিভিন্ন পঞ্চায়েতের বানভাসী মানুষদের সাহায্যের জন্য হাত বাড়িয়ে দিয়ে এক ফ্রি রিলিফ ক্যাম্প এর ব্যবস্থা করে। এদিন এই রিলিফ ক্যাম্পে হাজির ছিলেন রাজ্য সম্পাদক মুফতি রফিকুল ইসলাম, জেলা সভাপতি মাওলানা দাউদ হাসান, ডাঃ এমদাদুল ইসলাম, মুফতি আফতাব উদ্দিন, ডাঃ ফজের আলি সহ আরো অনেক নেতৃত্ব। ডাঃ এমদাদুল হক ২০১৫ সালের এই ভয়াবহ বন্যায় বানভাসী মানুষের পাশে দাঁড়িয়ে বিগত দিনে ৯৮ বছর ধরে জমিয়তে উলামায়ে হিন্দের কার্যকলাপ নিয়ে ব্যাখ্যা করেন। তিনি বলেন, বর্তমান সময়ে পশ্চিম বাংলার ১২টি জেলায় ২৩৩টি ব্লকে প্রায় ৬১ লক্ষ ২৯ হাজার মানুষ বিধবস্ত ও ক্ষতিগ্রস্ত হয়েছে। ৪ লক্ষের বেশি বাড়ি ধ্বংস ও ক্ষতিগ্রস্ত হয়েছে। বন্যা কবলিত ১৬,৩০৯টি গ্রামের মানুষ অসহায় অবস্থায় দিনাতিপাত করছে। জমিয়তে উলামায়ে হিন্দ রাজ্য ব্যাপি বিভিন্ন পঞ্চায়েতে যেয়ে তারা তাদের সর্বশক্তি দিয়ে বানভাসী মানুষের পাশে থেকে ত্রাণ সামগ্রী বন্টন



রাজ্য সম্পাদক মুফতি রফিকুল ইসলাম, জেলা সভাপতি মাওলানা দাউদ হাসান, ডাঃ এমদাদুল ইসলাম, মুফতি আফতাব উদ্দিন, ডাঃ ফজের আলি প্রমুখ।

করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। কারণ জমিয়তে উলামায়ে হিন্দ একটি ঐতিহ্যবাহী সেবামূলক প্রতিষ্ঠান। ৯৮ বছর ধরে এই সংগঠন দেশ ও জাতীর সেবায় নিয়োজিত। তিনি জানান, আল্লার ইচ্ছায় প্রায় এক কোটি টাকা ত্রাণ সংগ্রহ করে তা এই ধরনের রিলিফ ক্যাম্পের মধ্য দিয়ে সূষ্ঠভাবে বিতরণের সিদ্ধান্ত গ্রহণ করেছে। রাজ্য সম্পাদক মুফতি রফিকুল ইসলাম সাহেব বলেন, আজ এখানে স্বরূপনগর ব্লক, গাইঘাটা ব্লকের বিভিন্ন পঞ্চায়েতের মধ্যে

বানভাসী মানুষদের পাশে থেকে তাদের জন্য এখানে কয়েক কুইন্টাল চাল, আলু, শাড়ি, লুঙ্গি, পাঞ্জাবি বিতরণ করে, যার বাজার মূল্য লক্ষাধিক টাকা। জেলা সভাপতি মাওলানা দাউদ হাসান সাহেব মানুষের সাহায্য খুবই সীমিত। তাই পরম করুণাময়ের কাছে সমবেত মানুষদের নিয়ে তিনি সর্বশক্তিমান আল্লার কাছে সমবেতভাবে দরবার করে যাতে তিনি আমাদেরকে এই ধরনের সমস্যা থেকে হেফাজত করেন।

স্বরূপনগর বিধান সভা কমিটির